COM (personnel)

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন
BANGLADESH TEXTILE MILLS CORPORATION
BTMC Bhaban, 7-9, Kawran Bazar C.A., Dhaka-1216, P.O. Box No.-462,Fax : 880-2-58152680
E-mail : btmcho@yahoo.com, btmcho@gmail.com, Website : btmc.gov.bd.

সূত্র নং-২৪.০৩.০০০০.১০৫.০২.১১৪.২৩-৪০১ তারিখ: ০৭/১২/২০২৩ খ্রিঃ

## নোটিশ

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সংক্রান্ত সভা সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে কমিটির আহ্বায়ক পরিচালক (বাণিজ্য) মহোদয়ের সভাপতিত্বে আগামী ১০/১২/২০২৩ খ্রিঃ দুপুর ২:৩০ ঘটিকায় বিটিএমসি'র সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হবে।

০২. উক্ত সভায় বিটিএমসি'র সকল বিভাগ/শাখা প্রধান ও অংশীজনের (Stakeholders) যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৭.১২.২৩

(মোঃ কামরুল হাসান)
উপমহাব্যবস্থাপক (কারিঃ)
বিটিএমসি, ঢাকা

অনুলিপি:

০১। বিটিএমসি'র সকল বিভাগ/শাখা প্রধান।
০২। সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ।
০৩। ব্যবস্থাপক (মান:), সাকশা, বিটিএমসি। (তিনি সভায় আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন)
০৪। সহঃ প্রধান হিসাব রক্ষক, চেয়ারম্যান মহোদয়ের শাখা, বিটিএমসি।
০৫। জ্যেষ্ঠ সমন্বয় কর্মকর্তা, মুখ্য পরিচালন কর্মকর্তার শাখা, বিটিএমসি।
০৬। পিএস টু পরিচালক (সকল), বিটিএমসি।
০৭। অফিস কপি।

# বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন

বিটিএমসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব হাওলাদার মোঃ রকিবুল বারী<br>পরিচালক (বাণিজ্য) ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| সভার তারিখ | : | ১০-১২-২০২৩ খ্রিঃ। |
| সময় | : | ০২ : ৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিতি | : | হাজিরা প্রতিবেদন সংযুক্ত (পরিশিষ্ট 'ক') । |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ কামরুল হাসান, উপ-মহাব্যবস্থাপক (কারি:) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন। তিনি ২০২৩-২০২৪ অর্থ বছরের এপিএ বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সংক্রান্ত সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানান।

০২। সভাপতি বলেন যে, সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/মাঠ প্রশাসনে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ) ২০১২ সালে মাঠ পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতিকে ফলপ্রসু করার কাজে সম্পৃক্ত হয়। ২০১৪-১৫ অর্থ বছর থেকে প্রবর্তিত মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যকীয় উদ্দেশ্য অংশে সেবা প্রদান প্রতিশ্রুতিকে অন্তর্ভুক্ত করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক নির্ধারিত ফরমেটে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুতপূর্বক স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করা হয়। প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি ফরমেটের বিভিন্ন কলাম পূরণে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থায় অস্পষ্টতা পরিলক্ষিত হওয়ায় অংশীজনদের সঙ্গে আলোচনা, বিদ্যমান সেবা প্রদান পদ্ধতি পর্যালোচনা এবং সংশ্লিষ্ট আইন ও বিধি যাচাই বাছাইপূর্বক একটি নির্দেশিকা প্রণয়ন করা হয়।

০৩। এছাড়াও স্টেকহোল্ডারগণদের উদ্দেশ্য করে সভাপতি আরও বলেন যে, অফিস প্রাঙ্গনে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) নিয়মিত আপডেট করে প্রদর্শন করে রাখতে হবে যার মাধ্যমে সেবাগ্রহীতা সহজে সেবা সম্পর্কে জানতে পারবেন। সেবা প্রত্যাশিরা সহজে ও দ্রুততার সাথে যাতে সেবা পায় সেদিকে খেয়াল রাখার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | কার্যক্রমের নাম | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ক) | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) নিয়মিত আপডেট করে যথাস্থানে প্রদর্শন করতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (কারি:) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট অংশীজন। |
| খ) | সেবা প্রত্যাশিরা সহজে ও দ্রুততার সাথে যাতে সেবা পায় সেদিকে খেয়াল রাখতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (কারি:) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট অংশীজন। |

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সমাপ্তি ঘোষণা করেন।

RBari
11.12.2023

(হাওলাদার মোঃ রকিবুল বারী)
পরিচালক (বাণিজ্য)
ও
আহ্বায়ক, কমিটি
তারিখ: ১১/১২/২০২৩ খ্রিঃ

সূত্র নং-২৪.০৩.০০০০.১০৫.০২.১১৪.২৩- ৪০৫

অনুলিপিঃ

০১। বিটিএমসি'র সকল বিভাগ/শাখা প্রধান।
০২। সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ।
০৩। অফিস কপি।

COM (personnel)

কমিটির আহ্বায়ক ও পরিচালক (বাণিজ্য), বিটিএমসি'র সভাপতিত্বে ১০-১২-২০২৩ তারিখ দুপুর ২:৩০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় উপস্থিতি:

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | মো: হাবিব উল্লাহ [illegible] উপ [illegible] | ১০/১২/২৩ |
| ২। | মো: [illegible] [illegible] | ১০.১২.২৩ |
| ৩। | প্রনতী রানী রায়, ব্যবস্থাপক (কোং অ্যাঃ) অর্থ ও একাউন্টস বিভাগীয় প্রধান | ১০/১২/২০২৩ |
| ৪। | মিলুফা আক্তার, ব্যবস্থাপক (কঃ মঃ) | ১০/১২/২০২৩ |
| ৫। | মোঃ কোরবান আলী, প্রকৌ:(পুর) ও মিল ইনচার্জ, ওসমান [illegible] মিল | ১০/১২/২৩ |
| ৬। | বনকুল কুমার প্রসাদ উপ-প্রধান হিসাব রক্ষক ও মিল ইনচার্জ কাদেরিয়া টেক্স: [illegible] | ১০/১২/২৩ |
| ৭। | মোঃ মজিবুর মিয়া ব্যবস্থাপক (মানবসম্পদ) | ১০/১২/২৩ |
| ৮। | মো: আলাউদ্দীন হিসাব কর্মকর্তা [illegible] কটন মিলস লি: | ১০/১২/২৩ |
| ৯। | মো: মাহমুদুর রহমান সহ: ব্যবস্থাপক (শ্রম) | ১০/১২/২০২৩ |
| ১০। | মোহাম্মদ হাফিজুর রহমান [illegible] কর্মকর্তা | ১০/১২/২৩ |
| ১১। | মো: আব্দুল্লাহ [illegible] সহ-ব্যবস্থাপক (প্রশাসন) | |
| ১২। | মো: নুরুল আহমেদ [illegible] মান নিয়ন্ত্রণ কর্মকর্তা | ১০/১২/২৩ |
| ১৩। | মোহাম্মদ বেলাল হোসাইন, সহঃ মান নিয়ন্ত্রণ কর্মকর্তা বিটিএমসি | |
| ১৪। | রিয়াজ উদ্দিন আহমেদ, সহ: হিসাব কর্মকর্তা আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলস, ডেমরা, ঢাকা | |